২০২৪

# বাংলা

(মাইনর)

(NEP পাঠক্রম অনুসারী)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BENG-GG-T-101

## বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও বাংলা ভাষাতত্ত্ব

[NEP-2020]

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কৃত চর্যাপদের পুঁথিতে মোট কতগুলি পদের উল্লেখ ছিল? তার মধ্যে সংগৃহীত পদ সংখ্যা কত?

খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের প্রথম দুটি খণ্ডের নাম কী?

গ) 'মৈথিল কোকিল' কাকে কেন বলা হয়?

ঘ) পদাবলি রচয়িতা চণ্ডীদাসের জন্মস্থান রূপে কোন দুটি অঞ্চলের নাম প্রচলিত?

ঙ) 'চৈতন্য ভাগবত' গ্রন্থটির রচয়িতা কে? এটির পূর্ব নাম কী ছিল?

চ) ভারতচন্দ্র রায়ের লেখা 'অন্নদামঙ্গল কাব্য' কয়টি খণ্ডে বিভক্ত ও কী কী?

[পরের পাতায়]

ছ) পীনায়ন কাকে বলে?

জ) বরেন্দ্রী উপভাষা কোন অঞ্চলে প্রচলিত? এই ভাষার একটি বৈশিষ্ট্য লেখো।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) বৈষ্ণব পদাবলির কোন পর্যায়ের পদ রচনায় জ্ঞানদাস প্রসিদ্ধ ছিলেন? সেই পর্যায়ের বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহ উল্লেখ করো।

খ) মঙ্গলকাব্যে বারমাস্যা বলতে কী বোঝায়? মঙ্গলকাব্যে বারমাস্যার গুরুত্ব বিচার করো।

গ) রামপ্রসাদ সেনের লেখা শাক্তপদের বিশেষত্বগুলি আলোচনা করো।

ঘ) প্রাচীন, মধ্য ও আধুনিক বাংলা ভাষার সময়কাল উল্লেখ করে প্রত্যেক যুগ থেকে দুটি করে সাহিত্যিক নিদর্শন উল্লেখ করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের গুরুত্ব ব্যাখ্যা করো।

খ) কৃত্তিবাসের লেখা রামায়ণ কাব্যে বঙ্গীয় সংস্কৃতির কোন কোন দিক ফুটে উঠেছে?

গ) মনসামঙ্গল এবং চণ্ডীমঙ্গল কাব্যের আখ্যানে দেবী মনসা এবং দেবী চণ্ডীর ভূমিকা কীরূপ ছিল?

ঘ) শব্দার্থ পরিবর্তনের নেপথ্যে কী কী কারণ থাকে? শব্দার্থ পরিবর্তনের ধারাগুলি উদাহরণসহ উল্লেখ করো।

---